গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(কলেজ অব নার্সিং,একাডেমিক ভবন)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০.০০.০০১.১৩.১৬৮.১৯- /১৪২৬।
তারিখ---------- /২০২০।

"অফিস আদেশ"

জনাব সুবল চন্দ্র রোধ (পিতা- মন মোহন লোধ), সহকারী নার্স, জেনারেল হাসপাতাল, কুমিল্লা এর জন্ম তারিখ ০১/০১/১৯৬৬ এবং চাকরিতে যোগদানের তারিখ ২৮/০৬/১৯৯৪ খ্রিঃ। তার চাকরীকাল ২৫ (পঁচিশ) বছরের অধিক হওয়ায় ৩১/০১/২০২০ তারিখে সরকারি চাকরি থেকে স্বেচ্ছায় অবসর, অবসরোত্তর ছুটি (পি আর এল) ও নগদায়ন (লাম্পগ্রান্ট) মঞ্জুরীর জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে গণ কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর অধীনে ৯ (১) ধারা মোতাবেক এবং The public Servants Retirement (Amendment) Act-২০১০ এর অনুচ্ছেদ-৩ অনুযায়ী তাকে ৩১/০১/২০২০ তারিখে সরকারী চাকরি থেকে স্বেচ্ছায় অবসর প্রদান করা হলো এবং ০১/০২/২০২০ তারিখ থেকে ৩১/০১/২০২১ তারিখ পর্যন্ত ১২(বার) মাস অবসরোত্তর ছুটি (পি আর এল) মঞ্জুর করা হলো।

০২। স্বেচ্ছায় অবসরোত্তর ছুটি (পি আর এর) মঞ্জুরীর পর ছুটির হিসাব বিবরনী অনুযায়ী পুর্ণগড় বেতনে ও অর্ধ-গড় বেতনে (অর্ধ-গড় বেতনের ছুটিকে ০২(দুই) দিনে ০১ (এক) দিন গড় বেতনে ছুটিতে রুপান্তর করে) ১৮ (আঠার) মাসের অধিক ছুটি পাওনা থাকায় অর্থ মন্ত্রণালয়ের ২১/০১/৮৫ খ্রিঃ তারিখের এম,এফ/এফ,ডি/রেগ-২/ লিভ-১৬/৮৪/৯ সংখ্যক আদেশ এবং ১৫/১২/২০১৫ খ্রিঃ তারিখের এস,আর,ও নং- ৩৬৯-আইন/২০১৫ জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১০ (২) (খ) এর আদেশ মোতাবেক ১৮ (আঠার) মাসের প্রাপ্য ছুটির পরিবর্তে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সম-পরিমান অর্থ এককালীন নগদায়ন (লাম্প গ্রান্ট) মঞ্জুরী প্রদান করা হলো।

০৩। এ আদেশ স্থানীয় কর্তৃপক্ষের ১৮/০২/২০২০ তারিখের ১৪৯ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জারী করা হলো এবং তিনি সরকারি বিধি অনুযায়ী অবসর ভাতা/সুবিধাদি প্রাপ্য হবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বা/-
সহকারী পরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ই-মেইল-info@dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০.০০.০০১.১৩.১৬৮.১৯- ১১৭/১(৬)
তারিখ---১১/ ২২ /১৪২৬। ২৫/ ০৩ /২০২০।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-
০১। সিভিল সার্জন, কমিল্লা ।
০২। তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, কুমিল্লা(এতদসংগে মূল চাকুরীর বহি ফেরৎ দেয়া হলো)।
০৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
০৪। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন এর কার্যালয়, কুমিল্লা।
০৫। পরিসংখ্যানবিদ/পিএমআইএস শাখা,অত্র অধিদপ্তর। এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৬ । জনাব সুবল চন্দ্র রোধ (পিতা- মন মোহন লোধ), সহকারী নার্স, জেনারেল হাসপাতাল, কুমিল্লা ।

২৫/০৩/২০২০
সহকারী পরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,ঢাকা।